চাল-২/২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.২৭ তারিখ: ২৫ পৌষ ১৪২৬

০৯ জানুয়ারি ২০২০

বিষয়: **ধান সংগ্রহের স্বার্থে খালিজায়গা সৃষ্টির লক্ষ্যে সড়ক ও নৌপথে মোট ১৫০৫০ মে.টন আমন'১৯-২০ ও বোরো'১৯ সিদ্ধচালের চলাচলসূচি।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০১৯-২০২০ সালের আমন মৌসুমে অভ্যন্তরীণভাবে ৬,০০,০০০ মে.টন ধান, ৩,৫০,০০০ মে.টন সিদ্ধচাল ও ৫০,০০০ মে.টন আতপচালের সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সংগ্রহ কার্যক্রম সফল করার লক্ষ্যে গুদামসমূহে খালিজায়গা সৃষ্টি করা প্রয়োজন। তৎপ্রেক্ষিতে যেসকল খাদ্য গুদামে মজুতের অতিরিক্ত ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ঐ সকল এলএসডি/সিএসডি হতে বরিশাল ও ঢাকা বিভাগের কতিপয় এলএসডিতে বিভিন্ন খাতে বিলি-বিতরণ ও মজুত গড়ে তোলার লক্ষ্যে রেল পথে ২১০০ মে.টন আমন'১৯-২০ সিদ্ধচাল এবং সড়ক ও নৌপথে ১২৯৫০ মে.টন সহ মোট ১২০৫০ মে.টন সিদ্ধচালের চলাচলসূচি নিম্নোক্তভাবে নির্দেশক্রমে জারি করা হলো।

**রেল পথে আমন'১৯-২০ সিদ্ধচালের চলাচল সূচিঃ**

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | | পরিমাণ (মে.টন) | পণ্য | মাধ্যম | ঠিকাদারি প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | দিনাজপুর | সেতাবগঞ্জ এলএসডি | ঢাকা | তেজগাঁও | সিএসডি | ১০৫০ | আমন'১৯-২০ সিদ্ধচাল | রেল | মেসার্স রিমি এন্টারপ্রাইজ |
| ২. | ঐ | পুলহাট এলএসডি | ঐ | ঐ | " | ১০৫০ | ঐ | ঐ | ঐ |
| | | | | | মোট= | ২১০০ | | | |

**সড়ক পথে বোরো'১৯ সিদ্ধ চালের চলাচল সূচিঃ**

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | | পরিমাণ (মে.টন) | পণ্য | মাধ্যম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পঞ্চগড় | দেবীগঞ্জ | এলএসডি | গাজীপুর | কালিয়াকৈর | এলএসডি | ১০০ | বোরো'১৯ সিদ্ধচাল | সড়ক | চসসা বিভাগ উপ-সূচি জারি করবেন। |
| ২. | ঐ | ঐ | " | ঐ | জয়দেবপুর | " | ৪০০ | ঐ | ঐ | |
| ৩. | ঐ | ফকিরগঞ্জ | " | ঐ | শ্রীপুর | " | ১০০ | ঐ | ঐ | |
| ৪. | ঐ | ঐ | " | ঐ | কাপাসিয়া | " | ১৫০ | ঐ | ঐ | |
| ৫. | নীলফামারী | নীলফামারী | " | ঐ | ঐ | " | ২৫০ | ঐ | ঐ | |
| ৬. | ঐ | জলঢাকা | " | ঐ | ঐ | " | ১০০ | ঐ | ঐ | |
| ৭. | ঐ | ঐ | " | ঢাকা | তেজগাঁও | সিএসডি | ১৫০ | ঐ | ঐ | |
| ৮. | লালমনিরহাট | ভোটমারী | " | ঐ | ঐ | " | ২৫০ | ঐ | ঐ | |
| ৯. | ঠাকুরগাঁও | পীরগঞ্জ | " | ঐ | ঐ | " | ৫০০ | ঐ | ঐ | |
| ১০. | ঐ | ভোমরাদহ | " | ঐ | ঐ | " | ২০০ | ঐ | ঐ | |
| ১১. | ঐ | নেকমরদ | " | ঐ | ঐ | " | ২০০ | ঐ | ঐ | |
| ১২. | দিনাজপুর | পুলহাট | " | ঐ | ঐ | " | ৫০০ | ঐ | ঐ | |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৩. | ঐ | মাদিলাহাট | ” | ঐ | ঐ | ” | ৫০০ | ঐ | ঐ | |
| ১৪. | ঐ | কাহারোল | ” | ঐ | ঐ | ” | ৫০০ | ঐ | ঐ | |
| ১৫. | রংপুর | পীরগঞ্জ | ” | ঐ | ঐ | ” | ২০০ | ঐ | ঐ | |
| ১৬. | ঐ | ঐ | ” | ঐ | সাভার | এলএসডি | ১০০ | ঐ | ঐ | |
| ১৭. | ঐ | ঐ | ” | ঐ | কোনাখোলা | ” | ১০০ | ঐ | ঐ | |
| ১৮. | ঐ | ঐ | ” | নরসিংদী | বেলাবো | ” | ১০০ | ঐ | ঐ | |
| ১৯. | গাইবান্ধা | মহিমাগঞ্জ | ” | ঐ | নরসিংদী | ” | ৪০০ | ঐ | ঐ | |
| ২০. | ঐ | ঐ | ” | মানিকগঞ্জ | দৌলতপুর | ” | ১০০ | ঐ | ঐ | |
| ২১. | জয়পুরহাট | ক্ষেতলাল | ” | ঐ | ঐ | ” | ১০০ | ঐ | ঐ | |
| ২২. | ঐ | ঐ | ” | মুন্সীগঞ্জ | আব্দুল্লাহপুর | ” | ২০০ | ঐ | ঐ | |
| ২৩. | বগুড়া | জামুরহাট | ” | ঐ | ঐ | ” | ১০০ | ঐ | ঐ | |
| ২৪. | ঐ | ঐ | ” | ঐ | কাটাখালী | ” | ১৫০ | ঐ | ঐ | |
| ২৫. | ঐ | দুপচাঁচিয়া | ” | ঐ | ঐ | ” | ১০০ | ঐ | ঐ | |
| ২৬. | ঐ | ঐ | ” | রাজবাড়ী | রাজবাড়ী | ” | ৩০০ | ঐ | ঐ | |
| ২৭. | ঐ | ঐ | ” | ঐ | গোয়ালন্দ | ” | ১০০ | ঐ | ঐ | |
| ২৮. | ঐ | আদমদীঘি | ” | ঐ | ঐ | ” | ৪০০ | ঐ | ঐ | |
| ২৯. | ঐ | মির্জাপুর | ” | ফরিদপুর | চরভদ্রাসন | ” | ৩০০ | ঐ | ঐ | |
| ৩০. | ঐ | সুখানপুকুর | ” | ঐ | সদরপুর | ” | ২০০ | ঐ | ঐ | |
| ৩১. | ঐ | ঐ | ” | ঐ | নগরকান্দা | ” | ২০০ | ঐ | ঐ | |
| ৩২. | ঐ | কাহালু | ” | মাদারীপুর | মাদারীপুর | ” | ২৫০ | ঐ | ঐ | |
| ৩৩. | ঐ | তালোড়া | ” | ঐ | ঐ | ” | ২৫০ | ঐ | ঐ | |
| ৩৪. | ঐ | শিবগঞ্জ | ” | ঐ | টেকেরহাট | ” | ১০০ | ঐ | ঐ | |
| ৩৫. | ঐ | ঐ | ” | শরীয়তপুর | আংগারিয়া | ” | ২০০ | ঐ | ঐ | |
| ৩৬. | ঐ | নশরৎপুর | ” | ঐ | ঐ | ” | ৩০০ | ঐ | ঐ | |
| | | | | | | মোট = | ৮১৫০ | | | |

**নগরবাড়ি ঘাটের মাধ্যমে বরিশাল বিভাগে নৌপথে চালের চলাচল সূচিঃ**

| ক্র. নং | প্রেরক জেলা | মাধ্যম | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পাবনা | নগরবাড়ি ঘাট | পিরোজপুর | শ্রীরামকাঠি | এলএসডি | ৬০০ | বোরো'১৯ সিদ্ধচাল | নৌ | জেখানি, পাবনা নিম্নোক্ত খাদ্য গুদাম হতে বোরো'১৯ সিদ্ধচাল নগরবাড়ি ঘাটে পরিবহণ করাবেন।<br>**জেলা- পাবনা**<br>মুলাডুলি সিএসডি-৪৮০০ মে.টন |
| ২. | ঐ | ঐ | ঐ | তুষখালী | ” | ৬০০ | ঐ | ঐ | |
| ৩. | ঐ | ঐ | ঐ | ভান্ডারিয়া | ” | ৬০০ | ঐ | ঐ | |
| ৪. | ঐ | ঐ | ঐ | কাউখালী | ” | ৬০০ | ঐ | ঐ | |
| ৫. | ঐ | ঐ | বরগুনা | বেতাগী | ” | ৬০০ | ঐ | ঐ | |
| ৬. | ঐ | ঐ | ঝালকাঠি | আমুয়া | ” | ৬০০ | ঐ | ঐ | |
| ৭. | ঐ | ঐ | পটুয়াখালী | বগা | ” | ৬০০ | ঐ | ঐ | |
| ৮. | ঐ | ঐ | বরিশাল | বরিশাল | সিএসডি | ৬০০ | ঐ | ঐ | |
| | | | | | মোট = | ৪৮০০ | | | |
| | | | | | সর্বমোট= | ১৫০৫০ | | | |

<u>**পরিবহণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলি পালনীয়ঃ-**</u>

১। সংগৃহীত চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে। এতদবিষয়ে, 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-২৬৫ নং পরিপত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে। এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি.

তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকে নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলারকর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পিঠে ডিজিটাল স্টেন্সিলের স্পষ্ট ছাপ দেওয়ার জন্য অনুসরণ করতে হবে।

২। সূচির বিপরীতে প্রেরিতব্য চাল সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত চালের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সু-স্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানি বিশেষ তদারকি/নজরদারিতে চাল প্রেরণ করতে হবে;

৩। প্রতি ওয়াগন/ট্রাক/নৌযানে প্রেরিত চালের বিশ্লেষণ বিবরণীসহ নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহণকৃত খাদ্যশস্যের সাথে নমুনার মিল না থাকলে কিংবা পথিমধ্যে খাদ্যশস্য কোনরূপ পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার এ বিষয়ে দায়ী থাকবে এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৪। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) চাল পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম/সমস্যা উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং ত্বরিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন;

৫। সূচির আওতায় কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। এলএসডি/সিএসডি'র ওয়ারেন্টি মোতাবেক চাল প্রেরণ করতে হবে;

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে আখানি, জেখানি, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য যে, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না;

৭। ভি-ইনভয়েসে চালের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;

১০। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১১। সূচির মেয়াদ আগামী ২০/০১/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

৯-১-২০২০

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক

প্রাপক :

১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর,
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর

২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,
রাজশাহী

৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, পাবনা, রাজশাহী।

৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট, রাজশাহী।

৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া, রাজশাহী।

৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, রংপুর ।

৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা।

৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, লালমণিরহাট।

৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী, রংপুর।

১০) জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর, রংপুর।

১১) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঠাকুরগাঁও, রংপুর।

১২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, পঞ্চগড়,  রংপুর।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.২৭/১(১২) তারিখ: ২৫ পৌষ ১৪২৬
০৯ জানুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর

২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর

৬) পরিচালক ( পরিবহন), পরিচালক (ট্রাফিক)-এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে

৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

৮) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল

৯) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা

১০) জেলা খাদ্য নিয়ন্ত্রক ................................, ।

১১) ব্যবস্থাপক ..............................................., সিএসডি।

১২) ভারপ্রাপ্ত কর্মকর্তা .........................................., এলএসডি।



৯-১-২০২০
মোঃ সেলিমুল আজম
উপ-পরিচালক